

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

আইন ও ভূমি অনুবিভাগ

ভূমি শাখা

‘বাংলাদেশ রেলওয়ের NTTN রিসোর্স তথা অপটিক্যাল ফাইবার ক্যাবল লীজ নীতিমালা ২০২৩ (খসড়া)’ অনুমোদন সংক্রান্ত সভার কার্যবিবরণী:

সভাপতি	ড. মো: হুমায়ুন কবীর সচিব, রেলপথ মন্ত্রণালয়।
সভার তারিখ	১৮.০৬.২০২৩
সভার সময়	বেলা ১১:৩০ টা
স্থান	রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ, রেলভবন, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি অতিরিক্ত সচিব (আইন ও ভূমি)-কে সভার আলোচ্য বিষয় বিস্তারিত তুলে ধরার জন্য অনুরোধ জানান।

২। সচিব মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (আইন ও ভূমি) সভার আলোচ্যসূচি তুলে ধরেন। অতঃপর তিনি জনাব বেনু রঞ্জন সরকার, সিএসটিই (টেলিকম), বাংলাদেশ রেলওয়েকে বিস্তারিত তথ্য ধরার জন্য অনুরোধ করেন।

৩। জনাব বেনু রঞ্জন সরকার, সিএসটিই (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে বলেন, ১৯৮৭ সালে অপটিক্যাল ফাইবার ক্যাবল চালু করা হয় এবং বর্তমান সময় অবধি চলমান রয়েছে। তিনি জানান, বাংলাদেশ রেলওয়ের মালিকানাধীন অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপন, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনার জন্য Bangladesh Telecommunication Regulatory Commission (BTRC) থেকে প্রাপ্ত Nationwide Telecommunication Transmission Network (NTTN) লাইসেন্সের ক্ষমতার আওতায় বাংলাদেশ রেলওয়ের উদ্বৃত্ত অপটিক্যাল ফাইবারের Spare core, Spare capacity বা উদ্বৃত্ত অপটিক্যাল ফাইবার ক্যাবল নিলাম বা লিজ (ইজারা) বা লাইসেন্স প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি, নিলাম বা লিজের (ইজারার) মেয়াদকাল, নবায়ন পদ্ধতি ও সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রমের ক্ষেত্রে গতিশীলতা আনয়ন এবং বাংলাদেশ রেলওয়ের অপটিক্যাল ফাইবারের সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে পরিচালন ব্যয় নিয়ন্ত্রণসহ Non-Core Service হতে রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে বর্তমান নীতিমালাটি নবায়ন করা প্রয়োজন। অতঃপর তিনি জনাব রেজওয়ান হোসেন, উপপরিচালক (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে-কে পাওয়ার পয়েন্ট প্রজেক্টেশনের অনুরোধ জানান।

৪। জনাব সৈয়দ মোঃ শাহিদুজ্জামান, অতিরিক্ত সিএসটিই (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে ‘বাংলাদেশ রেলওয়ের NTTN রিসোর্স তথা অপটিক্যাল ফাইবার ক্যাবল লীজ নীতিমালা ২০২৩ (খসড়া)’-এর বিষয়ে পাওয়ার পয়েন্ট প্রজেক্টেশনের মাধ্যমে সভায় নীতিমালাটির বিস্তারিত তথ্য তুলে ধরেন। তিনি নীতিমালার শিরোনাম, সংজ্ঞাসমূহ, লিজ প্রদানের পদ্ধতিসহ নীতিমালার বিভিন্ন দিক তুলে ধরেন।

৫। জনাব মোঃ শহীদুল ইসলাম, অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো), বাংলাদেশ রেলওয়ে সভার আলোচনায় অংশ নিয়ে বলেন যে, বাংলাদেশ রেলওয়ের অপটিক্যাল ফাইবার ক্যাবলের মালিকানা/স্বত্ব বাংলাদেশ রেলওয়ের নামে অক্ষুন্ন রেখে অপটিক্যাল ফাইবারের সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে পরিচালন ব্যয় নিয়ন্ত্রণসহ Non-Core Service হতে রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে বর্তমান নীতিমালাটি অনুদান প্রদান করা প্রয়োজন।

৬। সচিব, রেলপথ মন্ত্রণালয় বাংলাদেশ রেলওয়ের NTTN রিসোর্স তথা অপটিক্যাল ফাইবার ক্যাবল লীজ নীতিমালা ২০২৩ (খসড়া)’ সঠিকভাবে যাচাই-বাছাই করার জন্য একটি পর্যালোচনা কমিটি গঠন করা এবং এ বিষয়ে মতামত প্রদান করার জন্য মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী বরাবর আলোচ্য নীতিমালা প্রেরণ করা প্রয়োজন মর্মে মত ব্যক্ত করেন।

৭। সভায় আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রম	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	বাংলাদেশ রেলওয়ের NTFN রিসোর্স তথা অপটিক্যাল ফাইবার ক্যাবল লীজ নীতিমালা ২০২৩ (খসড়া) পর্যালোচনা করার জন্য নিম্নরূপ একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়: ক) অতিরিক্ত সচিব (আইন ও ভূমি), রেলপথ মন্ত্রণালয়- সভাপতি; খ) যুগ্মসচিব (অডিট ও আইসিটি), রেলপথ মন্ত্রণালয়- সদস্য; গ) সিএসটিই (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে- সদস্য; ঘ) অতিঃসিএসটিই (টেলিকম) (অঃ দাঃ), বাংলাদেশ রেলওয়ে- সদস্য; ঙ) উপসচিব (ভূমি), রেলপথ মন্ত্রণালয়- সদস্য সচিব।	রেলপথ মন্ত্রণালয়
২	মতামত প্রেরণ করার জন্য বর্ণিত নীতিমালা মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী বরাবর প্রেরণ করতে হবে।	

৮। অতঃপর সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ড. মো: হুমায়ুন কবীর  
সচিব, রেলপথ মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০০৯.২৪.০২২.১৭-১৫৯

তারিখ: ১১ আষাঢ় ১৪৩০

২৫ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভন, ঢাকা
- ২) অতিরিক্ত সচিব, আইন ও ভূমি অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়
- ৩) যুগ্মসচিব, অডিট ও আইসিটি অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়
- ৪) অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো), এডিজি (অবকাঠামো) এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে
- ৫) সিএসটিই(টেলিকম), সিএসটিই(টেলিকম)-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে
- ৬) অতিরিক্ত সিএসটিই (টেলিকম), সিএসটিই(টেলিকম)-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে
- ৭) প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
- ৮) বিভাগীয় সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (হেডকোয়ার্টার্স), বাংলাদেশ রেলওয়ে, ঢাকা।
- ৯) বিভাগীয় সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (টেলিকম), কমলাপুর, ঢাকা।
- ১০) বিভাগীয় ভূ-সম্পত্তি কর্মকর্তা, ঢাকা
- ১১) উপপরিচালক (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, ঢাকা
- ১২) উপপরিচালক (ভূ-সম্পত্তি শাখা), বাংলাদেশ রেলওয়ে, ঢাকা



ওয়াহেদুর রশীদ  
সহকারী সচিব